**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১৩/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১১ ডিসেম্বর ২০১৭, ২৭ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় গ্রিডে প্রথম যোগ হলো সৌরবিদ্যুৎ
দশ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

২। রফতানিতে সবচেয়ে বড় অবদান রাখবে আইসিটি
যশোরে শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। রাষ্ট্রপতি তুরস্ক এবং প্রধানমন্ত্রী ফ্রান্সে যাচ্ছেন আজ

৪। নিম্ন আয়ের মানুষের কাছে প্রবৃদ্ধির সুফল পৌঁছাতে হবে : এপিপিজি'র কনভেনশন

৫। সেরা ভ্যাটদাতাদের সম্মাননা দিল এনবিআর

৬। স্বল্পোন্নত দেশগুলোকে অধিকার আদায়ে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান বাণিজ্যমন্ত্রীর

৭। খাদ্য ও ইন্টারনেটের অধিকারকে আইনে রূপ দিন : তথ্যমন্ত্রী

৮। গাজীপুরে ৩শ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপিত হচ্ছে

৯। বায়ুদূষণে বছরে ক্ষতি জিডিপির ১% : বিশ্বব্যাংকের কর্মশালা

১০। আন্তর্জাতিক পর্বত দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

চলমান পাতা-২

**১। জাতীয় গ্রিডে প্রথম যোগ হলো সৌরবিদ্যুৎ**
**দশ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

জাতীয় গ্রিডে প্রথম যোগ হলো সৌরবিদ্যুৎ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১০ ডিসেম্বর রোববার) ভিডিও কনফারেন্সের মাধ্যমে জামালপুরের সরিষাবাড়ীতে স্থাপিত তিন মেগাওয়াটের সৌর বিদ্যুৎকেন্দ্রটি আনুষ্ঠানিক উদ্বোধন করেন। একই সঙ্গে সুনামগঞ্জের দুর্গম হাওরে ৪০০ কিলোওয়াট ক্ষমতার একটি বিদ্যুৎ উৎপাদন মিনি গ্রিড এবং চট্টগ্রাম ও চাঁপাইনবাবগঞ্জে মোট ৩২৫ মেগাওয়াট ক্ষমতার আরও দুটি বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করেছেন। প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে দশ উপজেলার শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমেরও উদ্বোধন করেছেন। এই অনুষ্ঠানের মাধ্যমে ফরিদপুর সদর মাদারীপুরের রাজৈর, নওগাঁ সদর, সিরাজগঞ্জের কামারখন্দ, ব্রাহ্মণবাড়িয়া সদর ও আখাউড়া, মাগুরার শালিখা, মেহেরপুর সদর, নেত্রকোনার মদন এবং নরসিংদীর বেলাব উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমের উদ্বোধন করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

**২। রফতানিতে সবচেয়ে বড় অবদান রাখবে আইসিটি**
**যশোরে শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৃঢ় আশাবাদ ব্যক্ত করে বলেছেন, ভবিষ্যতে আইসিটি খাতই দেশের রফতানিতে সবচেয়ে বড় অবদান রাখতে সক্ষম হবে। তিনি গতকাল (১০ ডিসেম্বর রোববার) যশোরে 'শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক' উদ্বোধনকালে এ আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, 'আমি মনে করি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে আমাদের উৎপাদিত পণ্য ভবিষ্যতে আমাদের রফতানিতে সব থেকে বড় অবদান রাখবে। কাজেই আমাদের ছেলে-মেয়েদের সেভাবেই আমরা প্রশিক্ষণ দিতে চাই।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই আইটি পার্কের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উন্নয়নের ছোঁয়াকে তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়াই তাঁর সরকারের লক্ষ্য উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, প্রত্যেক জেলাতে আমরা একটা করে হাইটেক পার্ক করে দেবো।' সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**৩। রাষ্ট্রপতি তুরস্ক এবং প্রধানমন্ত্রী ফ্রান্সে যাচ্ছেন আজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ সোমবার তুরস্ক সফরে যাচ্ছেন। তিনি আগামী বুধবার তুরস্কের ইস্তাম্বুলে ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) জরুরি বিশেষ শীর্ষ সম্মেলনে অংশ নেবেন। গত ৬ ডিসেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী হিসেবে স্বীকৃতি দেয়ার পর উদ্ভূত পরিস্থিতিতে ওআইসি'র বর্তমান সভাপতি রিসেপ তাইয়েপ এরদোয়ান এ জরুরি শীর্ষ সম্মেলন আহ্বান করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিনদিনের সফরে আজ (১১ ডিসেম্বর সোমবার) ফ্রান্স যাচ্ছেন। ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রোন, জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ও বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিমের আমন্ত্রণে তাঁর এ সফর। প্রধানমন্ত্রী আগামীকাল প্যারিসে জলবায়ুবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন ওয়ান প্ল্যানেট সামিটে অংশ নেবেন। এ ছাড়া তিনি ফ্রান্সের প্রেসিডেন্টের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। বৈঠকে চলমান রোহিঙ্গা সংকট সমাধানে আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানোর ব্যাপারে আলোচনাসহ দু'দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে দ্বিপক্ষীয় সহযোগিতা, সমুদ্র অর্থনীতিতে পারস্পরিক সহযোগিতা, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রসঙ্গে তাঁরা বৈঠকে আলোচনা করবেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১) **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৪।	নিম্ন আয়ের মানুষের কাছে প্রবৃদ্ধির সুফল পৌঁছাতে হবে : এপিপিজি’র কনভেনশন**

জাতীয় সংসদের মানবাধিকার সম্পর্কিত সর্বদলীয় সংসদীয় গ্রুপ (এপিপিজি) গতকাল (১০ ডিসেম্বর রোববার) রাজধানীর জাতীয় গণগ্রন্থাগারের শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে ‘দারিদ্র্যবিমোচন ও মৌলিক মানবাধিকার নিশ্চিতকরণে আমাদের করণীয়’ শীর্ষক এক কনভেনশনের আয়োজন করে। উদ্বোধন অনুষ্ঠানে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রবৃদ্ধি অর্জন বাড়ালেই দারিদ্র্যবিমোচন হবে না। নিম্ন আয়ের মানুষের কাছে প্রবৃদ্ধি অর্জনের সুফল পৌঁছে দেওয়ার ব্যবস্থা করতে হবে বলে উল্লেখ করেন তিনি।

কনভেনশনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, নারীর ক্ষমতায়ন ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকার অঙ্গীকারবদ্ধ। সেই লক্ষ্যেই সরকার কাজ করে যাচ্ছে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ বিশ্বের অন্যতম দেশ, যেখানে বিভিন্ন সরকারি সুযোগ-সুবিধার মাধ্যমে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে বিনামূল্যে চিকিৎসা সুবিধা দেওয়া হয়। সরকারি অর্থ সহায়তায় কমিউনিটি স্বাস্থ্যকর্মীদের দ্বারা তৃণমূল পর্যায়ে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়, আর এ ক্ষেত্রে সেবাগ্রহীতাদের অধিকাংশই নারী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৫,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১) **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**৫।	সেরা ভ্যাটদাতাদের সম্মাননা দিল এনবিআর**

দেশের সর্বোচ্চ মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাটদাতা প্রতিষ্ঠানকে সম্মাননা দিল এনবিআর। জাতীয় পর্যায়ে ৯টি প্রতিষ্ঠানের পাশাপাশি জেলা পর্যায়ে ১৪০ সেরা ভ্যাটদাতাকে সম্মাননাপত্র ও ক্রেস্ট দেওয়া হয়। গতকাল (১০ ডিসেম্বর রোববার) রাজধানীসহ বিভাগীয় শহরে অনুষ্ঠিত জাতীয় ভ্যাট দিবসের অনুষ্ঠানে এসব প্রতিষ্ঠানকে সম্মাননা জানানো হয়। রাজধানীতে জাতীয় ভ্যাট দিবসের মূল অনুষ্ঠানে সর্বোচ্চ ভ্যাটদাতা প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তাদের হাতে এই সম্মাননা তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, আগে ১৪ লাখের মতো আয়করদাতা ছিল। এখন তা ৩০ লাখের বেশি। এর মধ্যে বেশির ভাগই তরুণ করদাতা, যাদের বয়স ৪০ বছরের কম। মন্ত্রী আরো উল্লেখ করেন, এই তরুণেরা মনে করছেন, রাষ্ট্র তাদের জন্য কিছু করছে, এখন রাষ্ট্রের জন্য তাদের কিছু করা দরকার যাদের হাতেই দেশের ভবিষ্যৎ। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৬।	স্বল্পোন্নত দেশগুলোকে অধিকার আদায়ে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

উন্নত বিশ্বের কাছ থেকে শুল্কমুক্ত ও কোটামুক্ত সুবিধা পেতে স্বল্পোন্নত দেশগুলোকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন আর্জেন্টিনায় সফররত বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। দেশটির রাজধানী বুয়েন্স আয়ার্সে ডব্লিউটিওর সম্মেলন শুরুর আগে স্থানীয় সময় গত ৯ ডিসেম্বর শনিবার এলডিসি দেশগুলোর মন্ত্রী পর্যায়ের বৈঠকে তিনি এ আহ্বান জানান। বিশ্ব বাণিজ্যসংস্থার সম্মেলন গতকাল (১০ ডিসেম্বর রোববার) শুরু হয়, চলবে ১৩ ডিসেম্বর পর্যন্ত। সম্মেলনে বাংলাদেশ এলডিসির পক্ষে জোরালো অবস্থান রাখবে বলে জানান বাণিজ্যমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**৭।	খাদ্য ও ইন্টারনেটের অধিকারকে আইনে রূপ দিন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, খাদ্য ও ইন্টারনেটকে মৌলিক অধিকার হিসেবে অন্তর্ভুক্ত করে আইনে রূপ দেওয়ার মাধ্যমেই দারিদ্র্যবিমোচনের সদর দরজা উন্মুক্ত হবে। গতকাল (১০ ডিসেম্বর রোববার) শাহবাগ জাতীয় গণগ্রন্থাগারে ‘দারিদ্র্যবিমোচন ও মৌলিক মানবাধিকার নিশ্চিতকরণে আমাদের করণীয়’ জাতীয় কনভেনশনের ‘সামাজিক নিরাপত্তাজাল কর্মসূচির ভূমিকা’ শীর্ষক কারিগরি অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায়

মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, পুষ্টিসমৃদ্ধ খাদ্যনিরাপত্তা বিষয়ে ভারতে আইন রয়েছে। আমাদের দেশেও আইন প্রয়োজন। তিনি বলেন, ইন্টারনেট হচ্ছে তথ্যপ্রযুক্তির বাহন। প্রতিটি মানুষের ক্ষমতায়নে ইন্টারনেট ব্যবহারের সুযোগ থাকা আবশ্যক। বর্তমানে তাই ইন্টারনেট ব্যবহারের সুবিধা প্রাপ্তি মানুষের আর একটি মৌলিক অধিকার। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৭)।

**৮। গাজীপুরে ৩শ' মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপিত হচ্ছে**

গাজীপুরে বেসরকারিখাতে তরল জ্বালানিভিত্তিক ৩০০ মেগাওয়াটের একটি বিদ্যুৎকেন্দ্র স্থাপিত হচ্ছে। দেশীয় কোম্পানি সামিট গ্রুপ এই কেন্দ্রটি নির্মাণ করবে। প্রকল্প বাস্তবায়ন ও বিদ্যুৎ কেনার জন্য গতকাল (১০ ডিসেম্বর রোববার) রাজধানীর বিদ্যুৎভবনে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও পাওয়ার গ্রিড কোম্পানির সঙ্গে সামিট গাজীপুর পাওয়ার কোম্পানির চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুসারে ১৫ বছরমেয়াদি কেন্দ্রটি চলবে ফার্নেস অয়েলে। সরকার প্রতি ইউনিট বিদ্যুৎ কিনবে ৮ টাকা ৩৪ পয়সায়। আগামী ৯ মাসের মধ্যে কেন্দ্রটির নির্মাণ কাজ শেষ হবে। ২০১৮ সালের ৯ মে বাণিজ্যিক উৎপাদনে নামবে কেন্দ্রটি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**৯। বায়ুদূষণে বছরে ক্ষতি জিডিপির ১% : বিশ্বব্যাংকের কর্মশালা**

দেশে উন্নয়নের সঙ্গে পরিবেশদূষণও বাড়ছে। শুধু বায়ুদূষণে বছরে ক্ষতি হচ্ছে জিডিপির প্রায় ১ শতাংশ। আর নন-কমপ্লায়েন্ট শিল্প প্রতিষ্ঠান ও অপর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনার কারণে শহরের বাতাস ও পানিতে দূষণের মাত্রা বাড়ছে। তাই সব পক্ষকে নিয়ে পরিবেশ সুরক্ষায় কাজ করতে হবে। গতকাল (১০ ডিসেম্বর রোববার) রাজধানীর একটি হোটেলে বিশ্বব্যাংক আয়োজিত 'বাংলাদেশ : আনলকিং অপরচুনিটিজ ফর ক্লিন অ্যান্ড রিজিলিয়েন্ট গ্রোথ' শীর্ষক এক কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)। প্রথম আলো এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। আন্তর্জাতিক পর্বত দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ ১১ ডিসেম্বর সোমবার আন্তর্জাতিক পর্বত দিবস। এবার এ দিবসের প্রতিপাদ্য 'পার্বত্য অঞ্চলের ঝুঁকি, জলবায়ু, ক্ষুধা, অভিবাসন'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। পার্বত্য এলাকার মানুষের জীবনমান উন্নয়ন ও টেকসই ভবিষ্যৎকে সামনে রেখে জাতিসংঘ ২০০৩ সালে ১১ ডিসেম্বরকে আন্তর্জাতিক পর্বত দিবস হিসেবে ঘোষণা করে। বাংলাদেশে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় দিবসটি পালনের জন্য বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঠাকুরগাঁও শহরের সেনুয়া বেইলি ব্রিজটি ভেঙে পড়ায় ১০টি ইউনিয়নের কয়েক লাখ মানুষের যোগাযোগ ব্যবস্থা বন্ধ হয়ে গেছে উল্লেখ করে বেইলি ব্রিজগুলি রক্ষায় তাতে মাত্রাতিরিক্ত পণ্যবাহী যানবাহন চলাচল বন্ধ করার দাবি।

খ. **প্রথম আলো :** নতুন বছরে প্রাথমিক ও মাধ্যমিকের শিক্ষার্থীদের বিনামূল্যের নির্ভুল পাঠ্যবই যথাসময়ে হাতে পৌঁছানোর ওপর গুরুত্বারোপ ।

গ. **জনকণ্ঠ :** বিমানবন্দরের নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা ও যাত্রীসুবিধা যথোপযুক্ত করতে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর, ইনকিলাব :** উচ্চ মাধ্যমিকে দেশের **১৩৫**টি কলেজ ও মাদ্রাসায় কোনো শিক্ষার্থী ভর্তি হয়নি প্রকাশিত প্রতিবেদনে উদ্বেগ প্রকাশ করে শিক্ষার্থীবিহীন এসব প্রতিষ্ঠান বন্ধ করে সরকারি অর্থের অপচয় রোধ করার আহ্বান।

ঙ. **সংবাদ :** সরকারি মেডিকেল কলেজগুলোর ডেন্টাল ইউনিটে ভর্তি পরীক্ষার ফলাফলে উপজাতি কোটায় চারজন বাঙালী শিক্ষার্থীকে মনোনয়ন দেওয়ায় পাস নম্বর পেয়েও ভর্তিচ্ছুক উপজাতি পরীক্ষার্থীরা এ কোটায় মনোনয়ন পায়নি উল্লেখ করে ভুল মনোনয়ন বাতিল করার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীদের সব বাধা-বিপত্তি অতিক্রম করে নিজেদের সম্ভাবনা উদ্ভাবনে এগিয়ে আসার যে আহ্বান জানিয়েছেন তার পরিপ্রেক্ষিতে উন্নয়নমূলক কর্মকাণ্ডে নারীদের অংশগ্রহণ বাড়াতে সকলের এগিয়ে আসার আহ্বান।

ছ. **ডেইলি সান :** বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ক্যান্সার আক্রান্ত দরিদ্র রোগীদের বিনামূল্যে চিকিৎসাসেবা দিতে মিশন ক্যান্সার বাংলাদেশের উদ্যোগের বিষয় তুলে ধরে দেশে ক্যান্সার চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়ানোর আহ্বান।

জ. **নিউ এজ :** তরুণ প্রজন্মকে দেশের ইতিহাস সম্পর্কে গবেষণামূলক শিক্ষা নিতে আগ্রহী করে তুলতে সরকারসহ বাংলা একাডেমি ও এশিয়াটিক সোসাইটিকে আরও উৎসাহমূলক কার্যক্রম পরিচালনা করার সুপারিশ।

ঝ. **এশিয়ান এজ :** ব্র্যাক ড্রাইভিং স্কুলে নারীদের গাড়ি চালানোর প্রশিক্ষণ দেওয়ার বিষয় তুলে ধরে প্রশিক্ষিত নারী গাড়িচালক নিয়োগ দেওয়ার ক্ষেত্রে আরও এগিয়ে আসার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে দেশের উন্নয়নের জন্য চাই ভালো মানুষ, সেই ভালো মানুষ পাওয়ার জন্য কারাগারের বন্দিদের যেমন সংশোধনের প্রয়োজন আছে তেমনি কারাগারে যাওয়ার আগেই যাতে কেউ অপরাধী হয়ে উঠতে না পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া জরুরি।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মুক্তিযুদ্ধের ইতিহাস সংরক্ষণ ও গবেষণা'** শিরোনামের নিবন্ধে মুক্তিযুদ্ধের ইতিহাস সংরক্ষণের পাশাপাশি নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধে অগ্রজদের ত্যাগ-তিতিক্ষা আর অর্জন সঠিকভাবে জানাতে পারলে তা হবে দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনার বাতিঘর, আলোর দিশারী উল্লেখ করে অভিমত প্রকাশ।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০